

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন'
চট্টগ্রাম।

স্মারক নং- বিসগপ্রচ/চমুই/সাং কমপ্লেক্স স্থাপন/১৪২

তারিখ: ১৮/০৫/২০২১ খ্রি।


বিষয়: 'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন' শীর্ষক প্রকল্পের সাইট পরিদর্শন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে আমি নিম্নস্বাক্ষরকারী ১৮/০৫/২০২১ তারিখ 'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন' শীর্ষক প্রকল্পের সাইট পরিদর্শন করি। পরিদর্শনকালে গণপূর্ত বিভাগ চট্টগ্রাম-১ এর উপসহকারী প্রকৌশলী এবং ঠিকাদারের প্রকৌশলী উপস্থিত ছিলেন।

সাইট পরিদর্শনকালে দেখা যায় যে, অভিটোরিয়াম ভবনের টপ ফ্লোর ৮ম তলার রুফ স্লাবের সাটারিং কাজ চলমান রয়েছে। পাশাপাশি লিংক ব্লকের রুফ স্লাবের সাটারিং কাজও চলমান রয়েছে।

২। অন্যদিকে লাইব্রেরি ভবনের ৭ম তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং ৮ম তলার কলাম বীধাইয়ের কাজ চলছে। তবে ঈদ পরবর্তী সময়ে কাজের গতি কিছুটা মন্দর বলে প্রতীয়মান হয়েছে। লেবাররা ঈদ ছুটি শেষে এখনও পুরোপুরিভাবে কাজে যোগ না দেয়াই এর কারণ বলে ঠিকাদার প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়। এ ব্যাপারে লেবার সংখ্যা বাড়িয়ে কাজে গতি ফিরিয়ে আনতে স্থানীয় গণপূর্ত বিভাগকে ব্যবস্থা নিতে হবে।

৩। ঊর্ধ্বমুখী সম্প্রসারণের ক্ষেত্রে সর্বদা নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করাসহ প্রকল্প কাজে ব্যবহৃত হালনাগাদ ম্যাটেরিয়াল টেস্ট রিপোর্ট করে নেয়ার জন্য স্থানীয় গণপূর্ত বিভাগকে নির্দেশনা দেয়া হলো। সাথে সাথে চলমান কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার প্রতি সজাগ দৃষ্টি রাখার ব্যবস্থা নেয়ার জন্যও নির্দেশনা প্রদান করা হলো।


(এ.এইচ.এম. কামরুজ্জামান)
উপপ্রকল্প পরিচালক
(প্রকল্প পরিচালকের দায়িত্বে)
ফোন: ০২৪১-৩৬০২৫৩
ই-মেইল: dpdcmicgt@gmail.com

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক (উন্নয়ন), গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সার্কেল-১, রহমতগঞ্জ, চট্টগ্রাম।